# জাতীয় বাজেট ২০২২-২৩: সারসংক্ষেপ

## শিক্ষা



বাস্তবায়নে

BAMU
Budget Analysis and Monitoring Unit
Bangladesh Parliament Secretariat

কারিগরি সহায়তায়

Funded by
the European Union

সহযোগিতায়: DT Global

সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)
Centre for Policy Dialogue (CPD)

বাজেট হেল্পডেস্ক ২০২২

Technical Assistance to Support the Implementation of the PFM Reform Strategic Plan in Bangladesh

## ১। প্রেক্ষাপট এবং শিক্ষা বাজেটের উল্লেখযোগ্য দিক

“রূপকল্প ২০৪১”-এর লক্ষ্য অর্জনের সাথে সাথে এসডিজি অর্জনে আধুনিক প্রযুক্তি ও কারিগরি জ্ঞানসম্পন্ন শিক্ষিত জনগোষ্ঠী তৈরিতে প্রয়োজনীয় কৌশল অবলম্বনের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। এর লক্ষ্য অর্জনের সবচেয়ে বড় হাতিয়ার হল শিক্ষার গুণগত মানোন্নয়ন। এ লক্ষ্যকে সামনে রেখে জাতীয় শিক্ষা নীতি ২০১০ প্রণয়ন করা হয়েছে এবং ধাপে ধাপে তা বাস্তবায়িত হচ্ছে। শিক্ষার সুযোগ বাড়াতে বিনামূল্যে বই বিতরণ, উপবৃত্তি, সৃজনশীল মেধা অন্বেষণসহ নানা কার্যক্রম অব্যাহত রয়েছে। অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিত করে কাঙ্ক্ষিত লক্ষ্যে এগিয়ে যেতে শিক্ষা ও গবেষণার উৎকর্ষ সাধনে সরকার পরিকল্পনা গ্রহণ করেছে।

শিক্ষা ব্যবস্থাপনা এবং শিক্ষা কার্যক্রমে আইসিটি এবং ডিজিটাল প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ইনোভেশন টিম কাজ করছে। ২০২১–২২ অর্থবছরে ১৬,৪২০ জন শিক্ষককে আইসিটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ২০২২–২৩ অর্থবছরে আইসিটি বিষয়ে ১৬,৩০০ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হবে।


সারা দেশে ২০০টি সরকারি কলেজে ২,৬০৭টি (মাল্টিমিডিয়া সহ) শ্রেণিকক্ষ, ২০০টি ল্যাংগুয়েজ ও আইসিটি ল্যাব, ১০০০টি সায়েন্স ল্যাব, ৪৬টি হোস্টেল নির্মাণ, আসবাবপত্র, অফিস সরঞ্জামাদি ও আইসিটি উপকরণ সরবরাহ করার লক্ষ্যে ‘সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ’ শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম শুরু করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে অতিরিক্ত প্রায় ২ লাখ শিক্ষার্থীর ভর্তির সুযোগ সৃষ্টি হবে।

আসন্ন অর্থবছরে (২০২২–২৩) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষা খাতে টাকার অঙ্কে মোট বরাদ্দ বেড়েছে। ২০২১–২২ অর্থবছরের তুলনায় আসন্ন অর্থবছরে মোট ৯ হাজার ৪৯৫ কোটি টাকা বেশি বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এই দুই মন্ত্রণালয়ের জন্য আসন্ন অর্থবছরে মোট ৮১ হাজার ৪৪৯ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে; যা চলতি বছরের জন্য বরাদ্দ করা হয়েছিল ৭১ হাজার ৯৫৪ কোটি টাকা। কারিগরি ও মাদ্রাসা শিক্ষার জন্য ২০২২–২৩ অর্থবছরে ৯ হাজার ৭২৭ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে, যা ২০২১-২২ অর্থবছরে ছিল ৯ হাজার ১৫৩ কোটি টাকা।

## ২। প্রস্তাবিত বাজেটে শিক্ষা খাত

২০২২–২৩ সালের প্রস্তাবিত বাজেটে মোট বরাদ্দ প্রস্তাব করা হয়েছে ৮১,৪৪৯ কোটি টাকা। এটি মোট বরাদ্দের ১২.১ শতাংশ এবং ২০২১–২২ সংশোধিত বাজেটের থেকে বাড়ানো হয়েছে (লেখচিত্র-১)। প্রস্তাবিত বাজেট বরাদ্দ জিডিপির ১.৮ শতাংশ।


লেখচিত্র ১: শিক্ষা ২০২২-২৩ খাতে বাজেট বরাদ্দ প্রস্তাবনা




**তথ্যসূত্র:** বাজেট বক্তৃতা ২০২২-২৩, ৯ জুন ২০২২

শিক্ষা খাতে মন্ত্রণালয়ভিত্তিক বাজেট বরাদ্দ বাড়ানোর প্রস্তাব করা হয়েছে (লেখচিত্র-২)।

লেখচিত্র ২: শিক্ষা খাতে মন্ত্রণালয় ভিত্তিক বরাদ্দ প্রস্তাবনা





**তথ্যসূত্র:** বাজেট বক্তৃতা  ২০২২-২৩, ৯ জুন ২০২২

## ৩। বাৎসরিক উন্নয়ন পরিকল্পনায় শিক্ষা খাতে বরাদ্দ

নতুন বাজেটে বার্ষিক উন্নয়ন পরিকল্পনার প্রায় অর্ধেক ব্যয় করা হবে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা কার্যক্রমে (লেখচিত্র-৩)

লেখচিত্র ৩: শিক্ষা খাতে বাৎসরিক উন্নয়ন পরিকল্পনায় বরাদ্দ




**তথ্যসূত্র:** বার্ষিক উন্নয়ন কর্মসূচি (২০২২-২০২৩)

## ৪। উপসংহার

রূপকল্প ২০২১ বাস্তবায়নের ধারাবাহিকতায় রূপকল্প ২০৪১ এর লক্ষ্য অর্জনের সবচেয়ে বড় হাতিয়ার হলো শিক্ষার গুণগত মানোন্নয়ন। এ লক্ষ্যকে সামনে রেখে জাতীয় শিক্ষা নীতি ২০১০ প্রণয়ন করা হয়েছে এবং ধাপে ধাপে তা বাস্তবায়িত হচ্ছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মিশন হিসেবে ধরা হয়েছে প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগত মানোন্নয়নের মাধ্যমে সবার জন্য মৌলিক শিক্ষা নিশ্চিতকরণ। "প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন" এই কৌশলটির আওতায় তথ্য-প্রযুক্তি নির্ভর শিক্ষা কার্যক্রমের বিস্তারের এবং সংশ্লিষ্ট বিভিন্ন প্রশিক্ষণের পরিধি বাড়ানোর পরিকল্পনা রয়েছে। শিক্ষা খাতের লক্ষ্য অর্জনে বাজেটের সফল বাস্তবায়ন জরুরি।



This printed material was produced with the financial support of the European Union. Its contents are the sole responsibility of DT Global and CPD, and do not necessarily reflect the views of the European Union.